



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)
আঞ্চলিক কার্যালয়, বরিশাল
বিএম কলেজ রোড, বৈদ্যপাড়া, বরিশাল,
ফোন: ০২৪৭৮৮৩১৪৮০, web: barishal.bcc.gov.bd



স্মারক নম্বর: ৫৬.০১.০৬০০.০০০.০১৭.১৬.০০০১.২৫.৬৮

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৪ মে ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: “আঞ্চলিক কুইজ ও প্রোগ্রামিং প্রতিযোগিতা-২০২৫” শিক্ষার্থীদের অংশগ্রহন প্রসঙ্গে।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশাল। ২০০২ সাল হতে কার্যালয়টি জনসাধারণের মধ্যে আইসিটি সক্ষমতা উন্নয়ন ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারের সহযোগীতায় একটি অগ্রণী ভূমিকা পালন করে আসছে। সাম্প্রতিক বছরগুলোতে বর্তমান সরকার ৪র্থ ও ৫ম শিল্প বিপ্লবকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে AI, IOT, Robotics, Blockchain ইত্যাদির মত উদীয়মান প্রযুক্তি ব্যবহার প্রসার এবং তাছাড়া উদীয়মান তথ্য প্রযুক্তি সম্পন্ন আরো প্রযুক্তির আবিষ্কার ও ব্যবহার বেড়ে যাওয়ায় এ প্রযুক্তির সাথে সংযুক্তি তৈরী করার জন্য স্কুল কলেজ শিক্ষার্থীদের তথ্য প্রযুক্তির পাঠ্য-পুস্তকের সিলেবাসে অন্তর্ভুক্ত করা হয়েছে। এতে শিক্ষার্থীদের মধ্যে নতুন প্রযুক্তি ব্যবহারের বুদ্ধিমত্তা, মননশীলতা এবং তথ্যপ্রযুক্তি ব্যবহারে মানসিক উন্নয়ন ঘটাতে প্রোগ্রামিং ও তথ্যপ্রযুক্তি-ভিত্তিক জ্ঞান বৃদ্ধি করা হয়েছে। এরই ধারাবাহিকতা ঠিক রাখার জন্য আগামী ২৪-৫-২৫ খ্রীঃ তারিখ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল সরকারী পর্যায়ে “আঞ্চলিক প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতা-২০২৫” আয়োজন করতে যাচ্ছে। আয়োজনটি নিম্নরূপঃ

ক্যাটাগরী	বিষয়	বিষয়ের ধরণ	সময়	তারিখ
৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি (জুনিয়র)	তথ্য-প্রযুক্তি ভিত্তিক কুইজ	ICT Related Online MCQ	সকাল ৯:০০ হতে বেলা ১১:০০টা	২৪-০৫-২৫খ্রীঃ
৯ম থেকে ১২শ শ্রেণি (সিনিয়র)	প্রোগ্রামিং প্রতিযোগিতা	C/C++/Python Programming Language	দুপুর ২:০০ হতে বিকাল ৪:০০টা	
সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান বিকাল ৫:০০ ঘটিকায়				

প্রতি ক্যাটাগরিতে ৩ জন করে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় নির্বাচন করা হবে। বিজয়ীদের পুরস্কৃত করা হবে (প্রাইজ বন্ড/সমমূল্যের পুরস্কার, ক্রেস্ট, বিজয়ী সার্টিফিকেট)। বাছাই প্রতিযোগিতার মাধ্যমে ৫০ জন করে মোট ১০০ জন চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহন করতে পারবে। চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহনকারীদের রয়েছে-টি-শার্ট, নোটবুক ও লাঞ্চ।

এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের যুক্ত হওয়ার জন্য একটি অনলাইন ফরম তৈরী করা হয়েছে যাহার লিংক লিফলেটে সংযুক্ত। শিক্ষার্থীদের উক্ত প্রোগ্রামে সুযোগ করে দেয়ার জন্য মহোদয়ের নিকট চিরকৃতজ্ঞ হব।

১৪-০৫-২০২৫
মোহাম্মদ জসীম
আঞ্চলিক পরিচালক
০২৪৭৮৮৩১৪৮০
mohammad.jasim@bcc.gov.bd

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক.....

....., বরিশাল।

স্মারক নম্বর: ৫৬.০১.০৬০০.০০০.০১৭.১৬.০০০১.২৫.৬৮/১ (২)

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৪ মে ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, প্রশিক্ষণ ও উন্নয়ন, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।
- ২। ব্যক্তিগত সহকারী, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।





১৪-০৫-২০২৫
মোহাম্মদ জসীম
আঞ্চলিক পরিচালক